

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭২৮

১/ বিবিধ

আরবী

بادروا أولادكم بالكنى، لا تغلب عليهم الألقاب

موضوع

رواه ابن عدي (34 / 1) والديلمي (2 / 1 / 2) من طريق أبي الشيخ عن أبي علي الدارسي: حدثنا حبيش بن دينار عن زيد بن أسلم عن ابن عمر مرفوعا. وقال ابن عدي: "أبو علي الدارسي بشر بن عبيد منكر الحديث". قلت: وكذبه الأزدي. والحديث أورده ابن الجوزي في "الموضوعات" من رواية ابن حبان، وقال: "لا يصح، حبيش يروي عن زيد العجائب لا يجوز الاحتجاج به" قلت: وإنما حبيش هو الصواب لأن الدارسي صدوق كما بينته في ترجمته من "تيسير الانتفاع"، وبه أعله ابن الجوزي كما رأيت. وتعقبه السيوطي في "اللآلئ" بقوله (111 / 1) : "قلت: أخرجه الدارقطني في "الأفراد" وأبن عدي، وقال: (فذكر ما تقدم عنه)، وأورده صاحب "الميزان" في ترجمته، وقال: إنه غير صحيح. وقال ابن حجر في "كتاب الألقاب": سنه ضعيف، وال الصحيح عن ابن عمر قوله. انتهى، وله طريق آخر، قال الشيرازي في "الألقاب": أبأنا ... حدثنا إسماعيل بن أبان: أخبرني جعفر الأحمر عن أبي حفص عن أنس بن مالك مرفوعا به. إسماعيل متزوج، وجعفر ثقة ينفرد. والله أعلم قلت: وهذا التعقب لا طائل تحته، لأن إسماعيل هذا وهو الغنوبي كان يضع الحديث كما قال ابن حبان. وقال أحمـد: "روى أحاديث موضوعة". ولذلك تعقبه ابن عراق

بِقَوْلِهِ (١ / ١٩٩) : " قَلْتُ: إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ كَانَ يَضْعُ، كَمَا مَرَّ فِي الْمُقْدَمَةِ

বাংলা

১৭২৮। তোমরা তোমাদের সন্তানদের কুনিয়াত দ্বারা ডাকতে ধারিত হও। তাহলে তাদের উপাধি অগ্রাধিকার পাবে না।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে ইবনু আদী (১/২৪), দাইলামী (২/১/২) আবুশ শাইখ সূত্রে আবু আলী আদদারেসী হতে, তিনি হ্বাইশ ইবনু দীনার হতে, তিনি যায়েদ ইবনু আসলাম হতে, তিনি আবদুল্লাহ ইবনু উমার (রাও) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ আবু 'আলী দারেসী হচ্ছেন বিশ্র ইবনু ওবায়েদ যিনি মুনকারঞ্জ হাদীস।

আমি (আলবানী) বলছিঃ তাকে আযদী মিথ্যক আখ্যা দিয়েছেন।

হাদীসটিকে ইবনুল জাওয়ী “আলমাওয়ুয়াত” গ্রন্থে ইবনু হিবানের বর্ণনায় উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। কারণ হ্বাইশ যায়েদ হতে আজর ধরনের কিছু বর্ণনা করেন, তার দ্বারা দলীলগ্রহণ করা না-জায়েয়।

আমি (আলবানী) বলছিঃ হ্বাইশের দ্বারা সমস্যা বর্ণনা করা সঠিক। কারণ দারেসী সত্যবাদী যেমনটি তার জীবনীতে আলোচনা করেছি।

কিন্তু সুযুক্তি “আললাআলী” গ্রন্থে (১/১১১) ইবনুল জাওয়ীর সমালোচনা করে বলেছেনঃ হাদীসটিকে দারাকুতনী “আলআফরাদ” গ্রন্থে ও ইবনু আদী বর্ণনা করেছেন। আর হাদীসটিকে যাহাবী “আলমীয়ান” গ্রন্থে হ্বাইশের জীবনী আলোচনা করতে গিয়ে উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। আর ইবনু হাজার “কিতাবুল আলকাব” গ্রন্থে বলেনঃ এর সনদ দুর্বল। আবদুল্লাহ ইবনু উমার (রাও)-এর কথা হিসেবে সহীহ। এর আরেকটি সূত্র রয়েছে ... যার মধ্যে ইসমাঈল ইবনু আবান নামক এক বর্ণনাকারী রয়েছেন যিনি মাতরক আর আরেক বর্ণনাকারী জাফার নির্ভরযোগ্য তবে এককভাবে বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছিঃ এ সমলোচনায় কোন ফায়েদা নেই। কারণ এ ইসমাঈল হচ্ছেন গানবী, তিনি হাদীস জাল করতেন যেমনটি ইবনু হিবান বলেছেন। ইমাম আহমাদ বলেনঃ তিনি কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেন। আর এ কারণেই ইবনু ইরাক (১/১৯৯) সুযুক্তির সমালোচনা করে বলেনঃ ইসমাঈল ইবনু আবান হাদীস জাল করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72611>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন